



সুনামগঞ্জ ও কিশোরগঞ্জে আগাম বন্যায় ক্ষতিগ্রস্ত গো-খামারিদের পাশে প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও বিপিআইসিসি

৭ জুন ২০১৭: গত মে মাসের আগাম বন্যায় সিলেটের সুনামগঞ্জ এবং কিশোরগঞ্জের হাওর এলাকার গরু খামারিদের সাহায্যার্থে এগিয়ে এসেছে প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ সেন্ট্রাল কাউন্সিল (বিপিআইসিসি)। গত মে এবং চলতি মাসে বন্যায় আক্রান্ত খামারিদের মাঝে মোট ৩০ মেট্রিক টন গো-খাদ্য বিতরণ করা হয়।



বিপিআইসিসি'র এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আগাম

বন্যায় সুনামগঞ্জ এবং কিশোরগঞ্জের হাওর এলাকার বিশাল এলাকা প্রাণিত হলে গো-খাদ্যের অভাবে বিপাকে পড়েন এ অঞ্চলের খামারিরা। বিষয়টি সরকারের নজরে এলে খামারিদের সাহায্যার্থে তৃষ্ণা উদ্যোগ নেয় প্রাণিসম্পদ মন্ত্রণালয়। এ উদ্যোগে সহায়তার হাত বাড়িয়ে দেয় বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ সেন্ট্রাল কাউন্সিল (বিপিআইসিসি)। গত ১২ মে সুনামগঞ্জের সদর উপজেলার লক্ষণশ্রী ও বিশ্বম্ভর ইউনিয়নসহ বেশকিছু উপদ্রুত এলাকায় প্রাণিসম্পদ অধিদপ্তরের তত্ত্বাবধানে ২০ মেট্রিক টন গো-খাদ্য বিতরণ করা হয়।

পরবর্তীতে গত ৫ জুন কিশোরগঞ্জের মিঠামইন উপজেলার ১০০ জন গবাদী পশুপালনকারীদের মাঝে গো-খাদ্য বিতরণ করেন মাননীয় মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ। এ সময় অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন স্থানীয় সাংসদ রেদোয়া আহম্মদ তৌফিক, প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক ডা. মোঃ আইনুল হক, কিশোরগঞ্জের জেলা প্রশাসক মোঃ আজিমুদ্দিন বিশ্বাস এবং বিপিআইসিসি'র কর্মকর্তা আবু বকর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রাণিসম্পদ অধিদপ্তরের উপ-পরিচালক ডাঃ মেহেদী হোসেন।